আলমডাঙ্গায় থানা নিরাপত্তা ও ট্রাফিক নিয়ন্ত্রণের দায়িত্বে আনসার

চলমান অস্থিরতায় আলমডাঙ্গা থানা ও ট্রাফিক ব্যবস্থার নিরাপত্তায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে নিয়ন্ত্রণের দায়িত্ব দেয়া হয়েছে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) থেকে গতকাল মঙ্গলবার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয় থেকে আজ বুধবার সকাল থেকে থানায় ও ট্রাফিকের দায়িত্বপালন করছেন ১৯ জন আনসার সদস্য। দেশের এ পরিস্থিতিতে, দায়িত্ব পালন করতে পারায় আনন্দিত আনসার বাহিনীরা। এতে স্বাভাবিক হতে চলেছে সাধারণ মানুষের জিবনযাপন। প্রথম পর্যায়ে আলমডাঙ্গা থানায় শিডিউল অনুযায়ী থানায় ১০ জন, পশু হাটে ৪ জন ও ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য ৫জনকে দায়িত্ব দেওয়া হয়েছে।

জানাগেছে, সম্প্রতি বাংলাদেশের সদ্য সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈষম্যবিরোধী আন্দোলনের কবলে পড়ে পদত্যাগ করে দেশ ছেড়ে পালিয়েছেন। তার দেশ ছেড়ে পালানোর পরপরই দেশজুড়ে ছাত্ররা উল্লাসে ভেসে ওঠেন। এরই একপর্যায়ে দুবৃত্তরা দেশের বিভিন্ন এলাকায় ভাঙচুর ও অগ্নিসংযোগ করেন। এরই ধারাবাহিকতায় আলমডাঙ্গাতেও উপজেলা আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেন। এছাড়া এ উপজেলার প্রায় ১৫ টি ইউনিয়ন আওয়ামীলীগ ও যুবলীগের অফিস ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। এতে হামলা চালানো হয় আওয়ামীলীগের বিভিন্ন নেতাকমীদের বসতবাড়িতে। হামলা থেকে বাঁচার তাগিদে পালিয়ে রয়েছে আওয়ামীলীগের হাজারো নেতাকমী।

এদিকে, আলমডাঙ্গা উপজেলার ১২ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরাও আওয়ামীলীগের সভাপতি কিংবা সেক্রেটারি দায়িত্ব পালন করতেন। তাঁরা পরিবার ছেড়ে আত্নগোপনে চলে যাওয়ায় ইউনিয়ন পরিষদের কার্যক্রম বন্ধরয়েছে। এতে ভোগান্তি বেড়েছে সাধারণ মানুষের । জন্মনিবন্ধন ও নাগরিক সনদ মিলছে না ইউনিয়ন পরিষদে।

এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা আজিজুল হাকিম জানান, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের

নির্দেশে থানায় ও ট্রাফিকে আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। পর্যায়ক্রমে আরও আনসার সদস্য মোতায়েন করা হবে।

মেহেরপুরে ট্রাফিক নিয়ন্ত্রণ ও থানার নিরাপত্তায় আনসার

মেহেরপুর জেলার তিনটি থানা ও জেলার তিনটি উপজেলার বিভিন্ন মোড়ে ট্রাফিক নিয়ন্ত্রণে আনসার মোতায়েন করা হয়েছে।

আজ বুধবার (৭ আগস্ট) সকাল থেকে এ আনসার মোতায়েন সম্পন্ন করা হয়। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তরের নির্দেশনা ও খুলনা রেঞ্জ দপ্তরের পরিকল্পনা অনুযায়ী জেলার তিনটি থানার সার্বক্ষণিক নিরাপত্তা রক্ষায় জেলা প্রসাশন ও পুলিশ সুপারের সাথে সমন্বয় করে ৩৬ জন আনসার ব্যাটালিয়ন সদস্য এবং ট্রাফিক কন্ট্রোলে শহরের ব্যস্ততম মোড়গুলোতে ২৪ জন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন করা হয়েছে বলে জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত নিশ্চিত করেছেন।

পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এ মোতায়েন কার্যক্রম চলমান থাকবে। এদিকে জেলার সরকারি-বেসরকারি ২৪ টি গার্ড/সংস্থার নিরাপত্তায় ১১৫ জন অঙ্গীভূত আনসার, জেলা ও মুজিবনগর উপজেলা কার্যালয়ের নিরাপত্তায় প্রায় ৫০ জন আনসার ব্যাটালিয়ন সদস্য মোতায়েন রয়েছে। অধিকতর নিরাপত্তার জন্য টহল কার্যক্রম জোরদার করা হয়েছে।

জেলা কমান্ড্যান্ট বলেন, জনগণের ন্যায়সঙ্গত দাবির প্রতি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সব সময় শ্রদ্ধাশীল। জনগণের পাশে থেকে জনবাহিনী হিসেবে এ বাহিনী সব সময় কাজ করে যাচ্ছে। দেশের বর্তমান পরিস্থিতিতে জনগণের জানমাল ও রাষ্ট্রীয় সম্পদ সুরক্ষায় নিয়োজিত আনসার সদস্যদের সহযোগিতার আহবান জানান তিনি।

উল্লেখ্য যে, চলমান মোতায়েন ও নিরাপত্তা কার্যক্রমে মেহেরপুর জেলায় এ পর্যন্ত বিভিন্ন পদবির প্রায় ২৫০ আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন রয়েছে প্রমুখ।